



## ওয়েবিনার

### তারুণ্যের ভাবনা : করোনাকালে নারীর প্রতি সহিংসতা

করোনাক্রান্তিকালের গৃহবন্দী জীবনে কেমন আছেন আমাদের দেশের নারীরা? সাম্প্রতিক এই বৈশ্বিক সংকটে স্বাস্থ্য এবং অর্থনীতি মানুষের মনোযোগের প্রধান বিষয় হলেও ঘরে আটকে থাকা জীবনে নারীর প্রতি বেড়ে যাওয়া সহিংসতার বিষয়টিও আলোচনায় আসতে শুরু করেছে। কন্যাশিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে সক্রিয় তরুণরা নারীর প্রতি সহিংসতা নিয়ে কাজ করছে। নারী ও কন্যাশিশুদের অধিকার সুরক্ষায় ধারাবাহিক কাজের অংশ হিসেবে গত ১১ জুলাই ২০২০ 'তারুণ্যের ভাবনা : করোনাকালে নারীর প্রতি সহিংসতা' শীর্ষক একটি ওয়েবিনার অনুষ্ঠিত হয়।



জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম পরিচালিত গার্লস অ্যাডভোকেসি অ্যালায়েন্স প্রকল্পের উদ্যোগে এবং প্ল্যান ইন্টারন্যাশনাল-এর সহায়তায় অনুষ্ঠিত এই

আয়োজনে ঢাকা এবং বরিশালের অর্ধশতাধিক স্বচ্ছাত্রী তরুণ অংশগ্রহণ করেন। আলোচনা করেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম-এর সভাপতি এবং দি হাজার প্রজেক্ট-এর কান্ট্রি ডিরেক্টর ও গ্লোবাল ভাইস প্রেসিডেন্ট ড. বদিউল আলম মজুমদার; ফোরাম-এর সম্পাদক এবং দি হাজার প্রজেক্ট-এর কর্মসূচি পরিচালক নাছিম আক্তার জলি; প্ল্যান ইন্টারন্যাশনাল-এর ক্যাপাসিটি বিল্ডিং স্পেশালিস্ট সাব্বির আহমেদ, দি হাজার প্রজেক্ট-এর আঞ্চলিক সমন্বয়কারী মেহের আফরোজ মিতা প্রমুখ। ওয়েবিনারে মূল আলোচনা উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ড. সোমা দে। তিনি

করোনাকালে বাংলাদেশের নারীদের অবস্থা নিয়ে পরিচালিত গবেষণার ফলাফল আলোচনায় তুলে ধরেন। আলোচনায় তিনি উল্লেখ করেন, পরিবর্তিত বাস্তবতায় পরিবারের পুরুষ সদস্যরা গৃহকর্মে কিছুটা সহায়তা করলেও নারীর ওপর গৃহস্থালী কাজের চাপ অনেক বেড়ে গেছে। একই সাথে বেড়েছে নারীর প্রতি সহিংসতা, যৌন নির্যাতন। মানসিক স্বাস্থ্য সুরক্ষার ব্যবস্থা না থাকা এবং নির্যাতনের আইনগত প্রতিকারের সুযোগ কমে যাওয়া, আর্থিক সংকট, উদ্বেগ এবং সর্বোপরি পুরুষতান্ত্রিক সমাজ কাঠামোর নেতিবাচক প্রভাবের বিষয়ে তিনি আলোকপাত করেন।

দি হাজার প্রজেক্ট-এর কর্মসূচি সমন্বয়ক শশাঙ্ক বরণ রায়ের সঞ্চালনায় অনুষ্ঠিত ওয়েবিনারে কন্যাশিশুদের অধিকার প্রতিষ্ঠাসহ সমাজের ইতিবাচক পরিবর্তনের লক্ষ্যে স্বচ্ছাত্রী হিসেবে সক্রিয় তরুণদের পক্ষ থেকে আলোচনায় অংশ নেন ইয়ুথ এন্ডিং হাজার জাতীয় ফোরামের সমন্বয়ক মিশাল বিন সলিম, আওলাদ রাবিব, নাজমুন্নাহার, ফায়েদ অর্পব, আসিফ ইকবাল জুবায়ের, মৌসুমী ইসলাম মৌ, সানজিদা জামান, লামিয়া ইসলাম, মহিউদ্দিন



রনি প্রমুখ। তরুণেরা সুশ্রম শ্রম বিভাজন, আইন-শৃংখলা বাহিনীর অধিকতর সক্রিয়তা, অভিযোগের জন্য হটলাইন সেবা, স্বাস্থ্যসেবাকেন্দ্রের মানোন্নয়ন, পর্ণগ্রাফি নিয়ন্ত্রণ, বাল্যবিবাহ-নারী নির্যাতন বন্ধ, মানসিক স্বাস্থ্যসেবার ব্যবস্থা ইত্যাদি বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ জরুরি বলে উল্লেখ করেন। তারা নারী ও কন্যাশিশুদের প্রতি সহিংসতা বন্ধ এবং পুরুষতান্ত্রিক মানসিকতার পরিবর্তনের লক্ষ্যে প্রচারাভিযান পরিচালনার পরিকল্পনার কথা জানান। অনলাইন মাধ্যমে এ বিষয়ে তাদের চলমান কার্যক্রম এবং ভবিষ্যৎ উদ্যোগের কথা তরুণেরা তুলে ধরেন।

প্রতিবেদন : মোঃ মোজাম্মেল হক, বরিশাল

**IDEA CONTEST**  
বিষয়- মহামারির অভিজ্ঞতা:  
কিন্তু কে কতগুলো সচিব? এলাকা গড়া সম্ভব?  
বিজয়ীদের নাম  
প্রথম স্থান: শ্রীমতী বিমান গুপ্ত (টেকের বং IC20207)  
দ্বিতীয় স্থান: ইফ্রাহ শিমুল (টেকের বং IC202076)  
তৃতীয় স্থান: সদয় গুপ্তার পাল (টেকের বং IC202010)

**অভিনন্দন**  
ইয়ুথ এন্ডিং হাজার বাংলাদেশ

**IDEA CONTEST**  
বিষয়- মহামারির অভিজ্ঞতা:  
কিন্তু কে কতগুলো সচিব? এলাকা গড়া সম্ভব?  
সেরা ৯২ জাহিডিয়া  
১ম: জুবায়ের হোসেন (টেকের বং IC20207)  
২য়: ইফ্রাহ শিমুল (টেকের বং IC202076)  
৩য়: শ্রীমতী বিমান গুপ্ত (টেকের বং IC202010)  
৪র্থ: সাদিক হোসেন (টেকের বং IC20207)  
৫ম: সাদিক হোসেন (টেকের বং IC20207)  
৬ষ্ঠ: সাদিক হোসেন (টেকের বং IC20207)  
৭ম: সাদিক হোসেন (টেকের বং IC20207)  
৮ম: সাদিক হোসেন (টেকের বং IC20207)  
৯ম: সাদিক হোসেন (টেকের বং IC20207)  
১০ম: সাদিক হোসেন (টেকের বং IC20207)  
১১তম: সাদিক হোসেন (টেকের বং IC20207)  
১২তম: সাদিক হোসেন (টেকের বং IC20207)

**অভিনন্দন**  
ইয়ুথ এন্ডিং হাজার বাংলাদেশ

**IDEA CONTEST**  
বিষয়- মহামারির অভিজ্ঞতা:  
কিন্তু কে কতগুলো সচিব? এলাকা গড়া সম্ভব?  
সম্মানিত বিচারকমণ্ডলী  
অধ্যাপক মরিয়াম বেগম, পিএচটি শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট ঢাকা বিশ্ববিদ্যালয়।  
সঞ্জয় দে, ডিজিটাল মিডিয়া প্রধান ইতিপনেক্টে-২৪, টিভি

**অভিনন্দন**  
ইয়ুথ এন্ডিং হাজার বাংলাদেশ



উপদেষ্টা: ড. বদিউল আলম মজুমদার, নাছিম আক্তার জলি  
সম্পাদক: শশাঙ্ক বরণ রায়, আমজাদ হোসেন রাজিব  
প্রকাশনায়: ইয়ুথ এন্ডিং হাজার বাংলাদেশ  
সহযোগিতায়: দি হাজার প্রজেক্ট বাংলাদেশ

[yeh.bd@thp.org](mailto:yeh.bd@thp.org)

[www.yeh.thpbd.org](http://www.yeh.thpbd.org) | [thpbd.org](http://thpbd.org)

[facebook.com/YEHBD](https://www.facebook.com/YEHBD)

হেয়ার্ডিক হাইটস, ২/২, মিরপুর রোড, (লেভেল-৪)  
রুক-এ, মোহাম্মদপুর, ঢাকা -১২০৭।  
ফোন: ৯১৩-০৪৯৯, ৯১২-২০৮৬

